

## টেলিস্কোপ

## শিক্ষা + বিনোদন = বিদ্যা

এ ফর 'এপ্রিল'  
বি ফর 'বাল'  
সি ফর 'কাউ'

শুনে চমকে উঠছেন তো? আসলে 'ইংলিস্' ক্লাসে এভাবেই ছাত্রছাত্রীদের পড়ান বিদ্যা! 'বিদ্যা' কি তাহলে এখানে অবিদ্যারই রূপক?

নামে বিদ্যা হলেও আসলে তিনি নিরক্ষর। এক প্রয়াত সেনা অফিসারের বিধবা স্ত্রী হলেন বিদ্যা। স্বামীর অকালপ্রয়াণের ক্ষতিপূরণ হিসেবে তিনি পেয়েছেন এক প্রত্যন্ত গ্রামের স্কুলে ইংরেজি শিক্ষিকার চাকরি। অথচ ইংরেজিতে মোটেই স্বচ্ছন্দ নন বিদ্যা। কিন্তু তিনি খেমে যাননি বরং বিপুল সাহস নিয়ে অসম্ভবকে সম্ভব করার লক্ষ্যে এগিয়ে যান। প্রথমদিকে ভুলভাল শেখালেও ধীরে ধীরে নিজের দুর্বলতা জয় করে শিক্ষা দেন সঠিকভাবেই।

পাশাপাশি অশিক্ষিত বিদ্যাই শিক্ষাব্যবস্থার নানারকম ভুল ত্রুটিগুলি দেখিয়ে দেন চোখে আঙুল দিয়ে।

অন্যরা বিদ্যাকে পাতা না দিলেও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বিবেক বর্ধন সিং কিন্তু বুঝতে পারেন বিদ্যার প্রতিভা এবং তাঁর ভাল কাজে সাহায্যের হাত বাড়িয়ে দেন।

এ ভাবেই বিদ্যা জয় করে নেন নিজের ব্যক্তিগত দুর্বলতা এবং পাশাপাশি শিক্ষা ব্যবস্থার সংস্কারেও গুরুত্বপূর্ণ ভূমিকা নেন।

জাতীয় টিভির পর্দায় বিদ্যা-র কাহিনি নিয়ে আসছে কালার্স চ্যানেল। আগামীকাল থেকে নতুন মেগা ধারাবাহিকের নাম 'বিদ্যা'। ইতিমধ্যেই প্রোমো দেখে খুশি হয়েছেন দর্শকমহল।

বিদ্যার

ডোডো রায়



চরিত্রে মীরা দেওয়ালেকে দেখতে আগ্রহী অনেকেই।

উত্তরপ্রদেশের ছোট গ্রাম 'দেবগড়'-এর এই কাহিনি হাসি-মজার ছলেই এক শিক্ষামূলক বিনোদনের সম্ভার বলেই মনে হচ্ছে প্রোমো দেখে।

অনেকটা বড়পর্দার 'মুন্নাভাই'-এর মতোই অফুরন্ত বিনোদন ও সমাজসচেতনতার রসদ জোগাবে 'বিদ্যা'। ছোট, বড় সকলে মিলেই দেখার মতো এই নতুন মেগা ধারাবাহিক।

'বিদ্যা'-র চরিত্রাভিনেত্রী মীরা দেওয়ালে উচ্ছ্বসিত এরকম একটা ভিন্ন ধারার ধারাবাহিকে অভিনয়ের সুযোগ পেয়ে। তাঁর মতে, 'অভিনেত্রী হিসেবে সবসময় স্বপ্ন দেখতাম এমন একটা চরিত্রে অভিনয় করব, যা সবাইকে নাড়িয়ে দেবে। আমি ভাগ্যবতী 'বিদ্যা'-র মতো শক্তিশালী চরিত্রে অভিনয়ের সুযোগ পেলাম।'

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বিবেক বর্ধন সিং-এর চরিত্রে দেখা যাবে ছোটপর্দার নামি শিল্পী নমিশ তানেজাকে। বলতে গেলে তিনিই ধারাবাহিকের নায়ক। নমিশ জানানেন, 'বিদ্যার জীবনের গুরুত্বপূর্ণ একটা সময়ে বিবেক প্রবেশ করছেন, বিদ্যার জীবনের পজিটিভ ফোর্স হলেন তিনি। বিবেক প্রকৃতই একজন জেন্টলম্যান। শিক্ষার গুরুত্ব বুঝতে পেরে বিদ্যাকে সাহায্য করতে এগিয়ে আসেন তিনিই। সুতরাং আমার চরিত্রটা সহজ-সরল কিন্তু গুরুত্বপূর্ণ। দর্শকদের থেকে ভাল প্রতিক্রিয়া পাব বলেই মনে হচ্ছে। আমাকে এ রকম একটা চরিত্রে অভিনয়ের সুযোগ দেওয়ার জন্য কালার্সকে ধন্যবাদ।'

ধারাবাহিকের প্রধান নেগেটিভ চরিত্র নানকু ঠাকুর, দেবগড় গ্রামের প্রধান। তাঁর সঙ্গেই পদে পদে লড়াই হবে বিদ্যার। নানকু-র চরিত্রে আছেন ওয়াকার শেখ। নতুন ধারাবাহিকের নতুন চরিত্র সম্পর্কে ওয়াকার জানিয়েছেন, 'আমি অতীতে অনেক ধারাবাহিকে অভিনয় করেছি কিন্তু 'বিদ্যা' সেগুলির থেকে

একবারেই আলাদা। আমার অভিনীত 'নানকু' চরিত্রের সঙ্গে বিদ্যার যে সব বিষয় নিয়ে সংঘাত লাগবে সেগুলি কিন্তু আমাদের শিক্ষাব্যবস্থার দুর্নীতিগুলিতে আলোকপাত করবে।' ওয়াকারও খুশি নিজের চরিত্র নিয়ে।

এ ছাড়াও জনপ্রিয় বামন অভিনেতা 'লিলিপুট'কেও একটা গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করতে দেখা যাবে 'বিদ্যা' ধারাবাহিকে।

এই সোশিও-কমেডি ধারাবাহিকের প্রযোজক মহেশ পান্ডে হঠাৎ এরকম একটা ধারাবাহিক

প্রযোজনা করতে রাজি হলেন কেন?

সংবাদমাধ্যমকে মহেশ জানিয়েছেন, 'আমি নিজেই তো উঠে এসেছি উত্তরপ্রদেশের প্রত্যন্ত গ্রাম থেকে। আমি দেখেছি গ্রামে গ্রামে শিক্ষা ব্যবস্থার দুর্দশা। শিক্ষা ব্যবস্থার খারাপ দিক নিয়ে আমরা গলা ফাটাই কিন্তু ক-জন এগিয়ে যাই নিরক্ষরতা দূর করতে? 'বিদ্যা' ধারাবাহিকটি কিন্তু শিক্ষা ব্যবস্থার দুর্বলতায় আলোকপাত করবে। বিদ্যা এমনই এক শক্তিশালী নারী যিনি নিজেকে শিক্ষিত করার পাশাপাশি শিক্ষা ব্যবস্থাকে যাঁরা কলুষিত করছেন তাদের বিরুদ্ধে লড়াইয়ে অবতীর্ণ হন। পালটাতে চান।'

আগামীকাল ৯ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে 'বিদ্যা'র পথচলা। দেখা যাবে প্রতি সোম থেকে শুক্র সন্ধ্যা ৭ টায়, কালার্স চ্যানেলে।



## শুভেচ্ছা স্ত্রী

জনপ্রিয় রেডিয়ো জকি 'স্ত্রী' শুরু করেছেন তাঁর নতুন সফর। ছোটপর্দার মেগা ধারাবাহিকে অভিনয় করছেন তিনি। ধারাবাহিকের নাম 'কুঞ্জছায়া'। এই খবর আমরা দিয়েছি বিগত সপ্তাহেই। কিন্তু তাঁর সঙ্গে প্রকাশিত ছবিটি 'স্ত্রী'-এর না। অনিচ্ছাকৃত এই ভুলের জন্য আমরা দুঃখিত। এবার প্রকাশ করা হল 'স্ত্রী'-এর সাম্প্রতিক ছবি। নতুন সফরে তাঁকে 'টেলিস্কোপ'-এর আন্তরিক শুভেচ্ছা।